# সংবাদ বিজ্ঞপ্তি

ঢাকা, ২১ মার্চ ২০২৩

আজ বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে উদযাপিত হলো 'World Social Work Day-2023'। দিবস উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'চাইল্ড সেনসেটিভ সোস্যাল প্রোটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) প্রকল্প, ফেইজ-২ এর মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন ও ইউনিসেফ এর আর্থিক সহায়তায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকায় 'Social Work Promotion in Bangladesh' শীর্ষক এক কর্মশালা আয়োজন করা হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের এম্বাসেডর H E Mr. Charles Whiteley ও ইউনিসেফ-এর ওআইসি (OIC) প্রতিনিধি Ms. Emma Brighham। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম। কর্মশালায় সমাপনী বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড আবু সালেহ মোস্তফা কামাল। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন 'চাইল্ড সেনসেটিভ সোস্যাল প্রোটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) প্রকল্প, ফেইজ-২ এর জাতীয় প্রকল্প পরিচালক জনাব এস এম লাবলুর রহমান।

ভিডিও বার্তার মাধ্যমে World Social Work Day-2023 এর শুভ সূচনা ঘোষণা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রী নুরুজ্জামান আহমেদ তাঁর বক্তব্যে শিশুদের সুরক্ষায় সমাজসেবা ও ইউনিসেফের যৌথ উদ্যোগের প্রশংসা করেন। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শে জীবন গড়তে শিশুদের উপযুক্ত শিক্ষাদানের ওপর গুরাত্বারোপ করেন।

কর্মশালায় কীনোট পেপার উপস্থাপন করেন Ms. Natalie McCauley, Chief of Child Protection, UNICEF. এবং Social Work Education, Practice and Profession in Bangladesh বিষয়ে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ সামাদ ও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের প্রফেসর ড. তুলসী কুমার দাস এবং সঞ্চালনা করেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ মোস্তফা কামাল।

২১/৩/২৩

রকিব আহমেদ
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ

এস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.......................................